MAR. 1 0 2003
তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষক নেতৃবৃন্দের বিবৃতি

শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম শরীফুল ইসলাম, সমন্বয়কারী মোহাম্মদ সেলিম ভুঁইয়া, আহ্বায়কদ্বয় শেখ আমানুল্লাহ, মাওলানা এম,এ, লতিফ, যুগ্ম আহ্বায়ক অধ্যক্ষ মাজহারুল হান্নান, শফিকুল আলম. এক যুক্ত বিবৃতিতে বলেন, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা অধিদপ্তর ও ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তাদের খামখেয়ালীর জন্য প্রায় তিন লক্ষাধিক শিক্ষক-কর্মচারী পরিবার-পরিজন লইয়া ঈদের আনন্দ হইতে বঞ্চিত হইয়াছেন। ঈদের পূর্বে শিক্ষক-কর্মচারীরা ফেব্রুয়ারী মাসের বেতন-ভাতা না পাওয়ায় শিক্ষামন্ত্রী যে ব্যর্থতার পরিচয় দিয়াছেন সেইজন্য এই মুহূর্তে শিক্ষামন্ত্রীর পদত্যাগ করা উচিত।